"বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ
করপোরেশন (পেট্রোবাংলা)
বিধি ও শৃঙ্খলা শাখা
www.petrobangla.org.bd

নম্বর: ২৮.০২.০০০০.০১১.৩৪.০০২.১৯.২৬

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭
০১ জুন ২০২০

প্রজ্ঞাপন

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৯ তারিখ: ২৮-০৫-২০২০ খ্রি. এবং জনপ্রশাসন মন্ত্রণালয় এর প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.১৩৮ তারিখ: ২৮-০৫-২০২০ খ্রি. মূলে করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর সংক্রমন বিস্তার রোধকল্পে এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে ৩১ মে, ২০২০ থেকে ১৫ জুন, ২০২০ পর্যন্ত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ/সীমিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে। এছাড়া পেট্রোবাংলার সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

(ক) কর্মকর্তা-কর্মচারীগণ অফিস চলাকালীন নিজ নিজ অফিসকক্ষ/বসার স্থানে অবস্থান করবেন। বিনা প্রয়োজনে বিভিন্ন ফ্লোরে, অভ্যর্থনাকেন্দ্রে এবং অফিসের ভিতর বা অফিস-সন্নিহিত এলাকায় যাতায়াত বা অবস্থান করবেননা;
(খ) অফিসে কাজ করার সময় শারীরিক/সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। কর্মস্থলে (অফিসে) সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘনঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিস্কার করতে হবে;
(গ) বাসা হতে দুপুরের খাবার আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(ঘ) খাওয়ার সময় শারীরিক দূরত্ব (ন্যূনতম তিন ফুট) বজায় রাখতে হবে;
(ঙ) প্রতিবার টয়লেট ব্যবহারের পর সাবান দ্বারা হাত জীবানুমুক্তকরণ নিশ্চিত করতে হবে;
(চ) অফিসে আসার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কোনক্রমেই অফিসের বাইরে যাওয়া যাবেনা; এবং
(ছ) যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বারবার হ্যান্ড স্যানিটাইজার/সাবান পানি দিয়ে হাত পরিস্কার করতে হবে।

৩। ঝুঁকিপূর্ণ ব্যক্তি ও অসুস্থ কর্মকর্তা/কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ও নির্দেশক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

...

১-৬-২০২০

রুচিরা ইসলাম
মহাব্যবস্থাপক
ফোন: +৮৮০২৮১৮৯৯৩৯
ইমেইল: gm-admin@petrobangla.org.bd

নম্বর:
২৮.০২.০০০০.০১১.৩৪.০০২.১৯.২৬/১(১৮৮)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭
০১ জুন ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) পরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/অপারেশন এন্ড মাইন্স/পিএসসি), পেট্রোবাংলা
২) সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) সকল কর্মকর্তা, পেট্রোবাংলা
৪) চেয়ারম্যান-এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)